

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৬৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ শয়নের অন্যান্য আদব

আরবী

عَنْ أَبِيْ الدَّرْدَاءِ عَنِ النَّبِي عَلِيْ قَالَ مَنْ أَتَى فِرَاشَهُ وَهُوَ يَنْوِي أَنْ يَقُومَ يُصلِّي مِنَ اللَّيْلِ فَغَلَبَتْهُ عَيْنُهُ حَتَّى يُصبِحَ كُتِبَ لَهُ مَا نَوَى وَكَانَ نَوْمُهُ صَدَقَةً عَلَيْهِ مِنْ رَبِّهِ

বাংলা

(৩১৬৮)আবু দারদা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, রাত্রে উঠে তাহাজ্জুদ পড়বে এই নিয়াত (সংকল্প) করে যে ব্যক্তি নিজ বিছানায় আশ্রয় নেয়, অতঃপর তার চক্ষুদ্বয় তাকে নিদ্রাভিভূত করে ফেলে এবং যদি এই অবস্থাতেই তার ফজর হয়ে যায়, তবে তার আমলনামায় তাই লিপিবদ্ধ হয় যার সে নিয়াত (সংকল্প) করেছিল। আর তার ঐ নিদ্রা তার প্রতিপালকের পক্ষ হতে সদকাহ (দান) রূপে প্রদন্ত হয়।

ফুটনোট

(নাসাঈ ১৭৮৭, ইবনে মাজাহ ১৩৪৪, ইবনে খুযাইমাহ, সহীহ তারগীব ৫৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন